

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৩৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০২, দুটি সাহু সাজদার পর তাশাহ্ছদ পাঠ ও সালাম ফিরানো

باب سَجْدَتَى السَّهْوِ فِيهِمَا تَشَهُّدٌ وَتَسْلِيمٌ

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ فَارِسٍ، حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ بْنِ الْمُتَنَى، حَدَّتَنِي أَشْعَتُ، عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ، عَنْ خَالِدٍ، _ يَعْنِي الْحَذَّاءَ _ عَنْ أَبِي قِلَابَةَ، عَنْ أَبِي الْمُهَلَّبِ، عَنْ عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ، عَنْ خَالِدٍ، _ يَعْنِي الْحَذَّاءَ _ عَنْ أَبِي قِلَابَةَ، عَنْ أَبِي الْمُهَلَّبِ، عَنْ عَنْ عَمْرَانَ بْنِ حُصَيْنٍ، أَنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم صلَلَى بِهِمْ فَسَهَا فَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ تَشَهَّدَ ثُمَّ سَلَّى بِهِمْ فَسَهَا فَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ تَشَهَّدَ ثُمَّ سَلَّى .

_ شاذ

বাংলা

১০৩৯। 'ইমরান ইবনু হুসাইন (রাঃ) সূত্রে বর্ণিত। একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে নিয়ে সালাত আদায়কালে ভুল করেন। ফলে তিনি দু'টি সাহু সিজদা্ করেন। অতঃপর তাশাহহুদ পড়ে সালাম ফিরান।[1]

শায।

English

Narrated Imran ibn Husayn:

The Prophet (ﷺ) led them in prayer and forgot something, so he made prostrations and uttered the tashahhud, then gave the salutation.

ফুটনোট



[1] তিরমিয়া (অধ্যায় : সালাত, অনুঃ, হাঃ ৩৯৫) মুহম্মাদ ইবনু ইয়াহইয়া নায়সাবুরী হতে মুহাম্মাদ ইবনু 'আবদুল বার সূত্রে। ইমাম তিরমিয়া বলেন, এই হাদীসটি হাসান গরীব সহীহ। হাফিয় একে ফাতহুল বারীতে উল্লেখ করেছেন এবং বলেছেনঃ 'তিরমিয়া এটি বর্ণনা করে বলেছেন, এটি হাসান গরীব। ইমাম হাকিম বলেছেন, বুখারী ও মুসলিমের শর্ত মোতাবেক সহীহ। আর ইবনু হিব্বান বলেছেন, খালিদ সূত্রে ইবনু সীরীন কেবল এই হাদীসটিই বর্ণনা করেছেন।' শায়খ আহমাদ শাকির বলেনঃ এটি হচ্ছে ছোটদের সূত্রে বড়দের বর্ণনা। আর ইমাম বায়হাক্বী ও ইবনু 'আবদুল বার একে দুর্বল বলেছেন। আলবানীও একে দুর্বল বলেছেন।

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন